# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫৯

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

আরবী

وَعَنِ الْحُسَيْنِ بْنِ عَلِيٍّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَا مِنْ مُسْلِمٍ وَلَا مُسْلِمَةٍ يُصَابُ بِمُصِيبَةٍ فَيَذْكُرُهَا وَإِنْ طَالَ عَهْدُهَا فَيُحْدِثُ لِذَلِكَ اسْتِرْجَاعًا إِلَّا جَدَّدَ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى لَهُ عِنْدَ ذَلِكَ فَأَعْطَاهُ مِثْلَ أَجْرِهَا يَوْمَ أُصِيبَ بِهَا» . رَوَاهُ أَحْمَدُ وَالْبَيْهَقِيُّ فِي شعب الْإِيمَان

বাংলা

১৭৫৯-[৩৮] হুসায়ন ইবনু ’আলী (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি বলেছেন যে, কোন মুসলিম নর-নারী কোন বিপদাপদে পড়ার যত দীর্ঘ সময় পর মনে জেগে ওঠে আর সে নতুনভাবে ’’ইন্না-লিল্লা-হি ওয়া ইন্না- ইলায়হি রা-জি’ঊন’’ পড়ে তাহলে আল্লাহ তাকে নতুনভাবে সে সাওয়াবই দিবেন যে সাওয়াব সে বিপদে পতিত হওয়ার প্রথম দিনই পেয়েছে। (আহমাদ, বায়হাক্বী’র শু’আবুল ঈমান)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : আহমাদ ১৭৩৪। কারণ এর সানাদে হিশাম ইবনু আবী হিশাম একজন মাতরূক রাবী এবং তার মায়ের অবস্থা জানা যায় না।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে বিপদে আপদে ধৈর্য ধারণ করার গুরুত্ব ও ফাযীলাত সম্পর্কে জানা যায়। যখন কোন মুসলিম নর-নারীর ওপর কোন বিপদ নেমে আসে, আর সে এ উপর ধৈর্য ধারণ করে এবং নিজেকে আল্লাহর কাছে সোপর্দ করে, অতঃপর পাঠ করে انا لله وانا اليه راجعون অর্থাৎ নিশ্চয়ই আমরা আল্লাহর জন্য এবং আমরা তারই দিকে প্রত্যাবর্তনকারী। আল্লাহ তা‘আলা তার এ বিপদ দূর করে তাকে নতুন কোন সুসংবাদের ও খুশীর সম্মুখীন করে দেন। আর সে যে পরিমাণ বিপদের সম্মুখীন হয়, আল্লাহ তা‘আলা তাকে সে অনুপাতে বেশী পরিমাণে সাওয়াব দান করবেন। আর এ বিপদে ধৈর্য ধারণ করার জন্য আল্লাহ তা‘আলা তাকে অন্যান্য বিপদ

থেকে নিরাপত্তা দান করবেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56319

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন